রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা: ০৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৭২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

**(ক) কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ভাইস চেয়ারপারসন |
| (৩) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |



মূল্য : টাকা ৮·০০

| | | |
|---|---|---|
| (১০) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (১৫) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১৬) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (১৭) | ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (১৮) | অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| (২০) | চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| (২১) | ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (২২) | মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| (২৩) | চেয়ারম্যান, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সদস্য |
| (২৪) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| (২৫) | সভাপতি, বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিশ ফাউন্ডেশন | সদস্য |
| (২৬) | সভাপতি, বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি | সদস্য |
| (২৭) | সভাপতি, বাংলাদেশ মেরিন ফিশারিজ অ্যাসোসিয়েশন | সদস্য |
| (২৮) | সভাপতি, জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: | সদস্য |
| (২৯) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**(খ) কমিটির কার্যপরিধি :**

(১) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন বিষয়ক সার্বিক নীতি নির্ধারণ;

(২) পরিবেশসম্মত ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অধিক পরিমাণে নিরাপদ মাছ চাষের লক্ষ্যে ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য দিক নির্দেশনা প্রদান;

(৩) উপকূলীয় অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের বন্যা নিয়ন্ত্রণ বাঁধের অন্তর্ভুক্ত এলাকায় পরিবেশসম্মত উপায়ে চিংড়ি ও মৎস্য চাষের উন্নয়ন ও প্রসারে দিক নির্দেশনা প্রদান;

(৪) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন ও প্রসারে সহায়ক অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(৫) মৎস্য ও চিংড়ি সম্পদ উপযোগী জলমহাল/জলাশয়সমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর ও ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ বিষয়ক দিক নির্দেশনা প্রদান;

(৬) মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে অন্যান্য প্রাসঙ্গিক জাতীয়/আন্তর্জাতিক বিষয়াবলি বিবেচনা;

(৭) সুনীল অর্থনীতি (blue economy) উন্নয়নের জন্য গবেষণা, সম্পদ আহরণ এবং কারিগরি দক্ষতা অর্জনসহ অন্যান্য বিষয়ে নীতি নির্ধারণ;

(৮) যে কোনো বৈরী পরিস্থিতিতে চিংড়ি চাষ এলাকার চাষিদের মধ্যে দ্বন্দ্ব/আন্তঃকোন্দল দেখা দিলে এবং অবৈধ দখলদারদের থেকে চিংড়ি ঘেরসহ সরকারি সম্পদ রক্ষাকল্পে আইন-শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপ ও সহযোগিতার বিষয়ে দিক নির্দেশনা প্রদান;

(৯) মৎস্য ও চিংড়ি সংক্রান্ত গবেষণা, আমদানি ও রপ্তানি বিষয়ে নীতি নির্ধারণ;

(১০) বিশেষ বৈশ্বিক পরিস্থিতিতে (অর্থনৈতিক, নিরাপত্তাগত, স্বাস্থ্যগত, পরিবেশ ও প্রতিবেশ সংক্রান্ত ইত্যাদি) মৎস্য ও চিংড়ি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান; এবং

(১১) ৪র্থ শিল্প বিপ্লব ও উন্নয়নশীল দেশ হিসাবে গ্রাজুয়েশনের প্রেক্ষাপটে মৎস্য ও চিংড়ি সংক্রান্ত ব্যবস্থাপনা ও উন্নয়নের বিষয়ে নীতি নির্ধারণ।

(গ) কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোনো বিষয়ে অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

(ঘ) কমিটির নিকট কোনো বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি, সরকারি/বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

(ঙ) জাতীয় কমিটি বৎসরে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে।

(চ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জুন ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৯৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব
কমিটি ও অর্থনৈতিক অধিশাখা
ফোন: ০২২২৩৩৯০৯৬৩
Email: js_economic@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd